উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

ত্রিশাল উপজেলা পরিষদ এর নভেম্বর /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৬/১১/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৯/১০/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতি মহোদয় সহ সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছ জানিয়ে অভহিত করেন যে,তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় অত্র দপ্তর থেকে ৭টি প্রাথমিক বিদ্যলয়ের ভবন সম্প্রসারণ ও ২৩ টি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে। যা মূল্যায়ন পক্রিয়াধীন অবস্থায় রয়েছে। অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থবছরের অসম্পন্ন কাজ গুলো সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। বর্তমানে অর্থবছর ২০২৩-২৪ এ পাপ্ত বরাদ্দ নিয়ে শীঘ্রই সভা আহ্বান করতঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা এলজিইডি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভিন্ন পশুখাদ্য বিক্রেতা ও ভেটেনারী মেডিসিন বিক্রেতা যাদের অনেকের লাইসেন্স নেই যার ফলে তারা নিম্নমানের পশুখাদ্য ডিএলএস এর লাইসেন্স ব্যতীত ঔষধ বিক্রি করছে। এমতাবস্থায় নিরাপদ প্রানিজ আমিষের চাহিদা পুরণের জন্য জনস্বার্থে মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতাধীন বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতার বর্ধিত বরাদ্দ এখনও পাওয়া যায় নাই। নতুন বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,উপজেলা প্রাথমিক শিক্ষার কার্যক্রম সাভাবিক গতিতে চলমান। বর্তমান সময়ে চলমান কার্যক্রমসমূহ নিম্নরূপ<br>১। ১৯/১১/২০২৩ খ্রিঃ হতে সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রান্তিক মূল্যায়ন শুরু হবে।<br>২। ২০২৪ সালের সকল শ্রেনির সরকারী পাঠ্য বই এসেছে। ডিসেম্বর মাসে বিদ্যালয় পর্যায়ে পাঠ্য বই বিতরণ করা হবে।<br>৩। প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রান্তিক মূল্যায়ন করার পর বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী পড়ার জন্য ইতোমধ্যে নির্দেশনা দেওয়া হয়েছে।<br>৪। জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনায় উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে প্রতিটি ইউনিয়নে ৩টি করে মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় গড়ে তোলা হবে। যেখানে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী পড়া সহ অন্যান্য সার্বিক কার্যক্রম জোরদার করা হবে।<br>৫। প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয় ০১জন করে ঝড়ে পড়া শিক্ষার্থীকে বিদ্যালয়ে ভর্তি করবেন এই কার্যক্রম শুরু হয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র অফিসের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। বার্ষিক মূল্যায়ন ও বার্ষিক পরিক্ষা চলমান আছে। ৩০ নভেম্বর/২০২৩ এর মধ্যে মূল্যায়ন বার্ষিক পরিক্ষার কার্যক্রম সমাপ্ত হবে। ২০২৪ সনের পাঠ্যপুস্তক সরবরাহ হচ্ছে। পাঠ্যবই সমূহ ১জানুয়ারী /২০২৪ তারিখে প্রতিষ্ঠান পর্যায় থেকে শিক্ষার্থীদের মাঝে বিতরণ হবে।<br>এছাড়া ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক হতে ইসলামিক ফাউন্ডেশন এর নতুন মসজিদের উত্তর পাশ দিয়ে একটি রাস্তা পশ্চিম দিকে যেয়ে মাধ্যমিক শিক্ষা অফিসের সামনে দিয়ে উপজেলা পরিষদ ও কোর্ট ভবন সেখানে ৩টি সরকারী দপ্তর ১) যুব উন্নয়ন অফিস ২) আনসার ভিডিপি অফিস ৩) মহিলা বিষয়ক দপ্তর,উপজেলা পরিষদ কোয়ার্টার গুলো উক্ত রাস্তার পাশে রয়েছে। এর সামনে যেয়ে আবার ঢাকা ময়মনসিংহ রোডে সংযোগ হয়েছে। উক্ত রাস্তাটির অবস্থা চলাচল ও গাড়ি চলার উপযোগী নহে তাই জরুরী সংস্কার মেরামত প্রয়োজন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, আমাদের আওতার মধ্যে থাকলে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,এ বিভাগের নিয়ন্ত্রণাধীন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র সমূহে পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবার পাশাপাশি সাভাবিক প্রসব সেবা চালু রয়েছে। এছাড়া কেন্দ্র সমূহে শিশু স্বাস্থ্য সেবা কিশোর কিশোরী সেবা ও সাধারণ রোগী সেবা চলমান রয়েছে। মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যান সহকারীগণ বাড়ি বাড়ি গিয়ে দম্পতিদের পরিবার পরিকল্পনা বিষয়ক সেবা ও পরামর্শ প্রদান করে যাচ্ছে।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতি সপ্তাহে ২ দিন স্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতী সেবা ক্যাম্প পরিচালিত হয়ে আসছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,অত্র কার্যালয়ের টিআর কাবিখা/কাবিটা/১ম /২য় পর্যায়ের কাজ মাঠে চলমান রয়েছে।<br>প্রথম পর্যায়ের কাজের অগ্রগতি ৮০% ২য় পর্যায় প্রকৃয়াধীন।<br>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী এর কাজ ১৪/১১/২০২৩ ইং তারিখ থেকে শুরু হয়েছে।<br>সকল ইউপি চেয়ারম্যান /ট্যাগ অফিসারগণকে প্রকল্প পরিদর্শন করে কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে কাজ করার জন্য অনুরোধ করা হলো।<br>ব্রীজ কালভার্ট ঃ ২০২৩-২৪ ইং অর্থবছরে কোন ব্রীজ/কালভার্ট বরাদ্দ পাওয়া যায়নি।<br>এইচ বি বি ২০২৩-২৪ ইং অর্থবছরে অত্র উপজেলায় ৩.০০ কিলোমিটার বরাদ্দ পাওয়া গিয়াছে। ঠিকাদার নির্বাচন করা হয়েছে। কাজ শুরু প্রক্রিয়াধীন। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে,মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ,স্যানিটেশন প্রকল্পের আওতায় হতদরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে টুইনপিট ল্যাট্রিন স্থাপনের উপজেলা পর্যায়ের ওয়াটসান কমিটির অবহিত করণ সভা গত ১৪/১১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,যুব উন্নয়ন অধিদপ্তরের গত পহেলা নভেম্বর /২৩ ,যথাযোগ্য মর্যাদায় জাতীয় যুব দিবস পালিত হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলমান আছে ।<br>গত ১৪/১১/২০২৩ রাতে দপ্তরের ষ্টোর রুম হতে দাপ্তরিক কাগজ পত্র নথি পত্র ২টা পুরাতন টাইপ মেশিন পুরাতন মনিটর সহ অন্যান্য মালামাল চুরি হয়ে যায়, যা খুবই দুঃখ জনক। এজন্য থানায় জি,ডি এন্টি করা হয়েছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আইসিটি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কর্মকর্তা,<br>পল্লী জীবিকায়ন<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউজিডিপি প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউজিডিপি প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং ০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৩-

তারিখ : ১৬/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

১৬/১১/২০২৩

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ

ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩- ১০২৪ তারিখ ঃ ০৮/১১/২০২৩ খ্রি.

সভার নোটিশ

আগামী ১৬ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

০৮/১১/২০২৩

(জুয়েল আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।

২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।